গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮২.২৩.১৫১ তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ১৫৬৮০/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫৬৮০/২০২৩-এর ১০/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার গত ০৪/১২/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৬৩. ৩২.০০৩.১৬-১৭৯০ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার সর্বশেষ পুনর্গঠিত মেয়রের প্যানেল হতে প্যানেল মেয়র-২ জনাব মানিক সাইফুল-কে উক্ত পৌরসভার মেয়র-এর দায়িত্ব অর্পণ করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ রাশিদুল হাছান, প্যানেল মেয়র-১ সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫৬৮০/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপন ০৬(ছয়) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং উপসচিব, পৌর-১ শাখাকে ৩নং প্রতিপক্ষসহ মোট আট জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫৬৮০/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে................পাতা। (8423/potrojariAttachmentRef/52975/0/2240)

২৫-২-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd


সলিসিটর (যুগ্ম সচিব)
সলিসিটর অনুবিভাগ
আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮২.২৩.১৫১/১(৬) তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০
২৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
২) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৫-২-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)